

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৩৯

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ যেই হাদীস অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, হাদীসটি হয়তো আমাদের উল্লেখিত হাদীসের বিপরীত

ذِكْنُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ الْمُتَبَحِّرِ فِي صِنَاعَةَ الْعِلْمِ أَنَّهُ مُضَادُّ لِلْخَبَرِ الَّذِي ذَكَرْنَاهُ قبل

আরবী

2739 _ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا إِبْرَاهِيمُ بْنُ يُوسُفَ الصَّيْرَفِيُّ قَالَ: حَدَّثَنَا حِدَّثَنَا حَفْصُ بْنُ يُوسُفَ الصَّيْرَفِيُّ قَالَ: حَدَّثَنَا حَفْصُ بْنُ غِيَاتٍ عَنْ عَاصِمٍ الْأَحْوَلِ عَنْ عِكْرِمَةَ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَدِمَ مَكَّةَ فَأَقَامَ بِهَا سَبْعَ عَشْرَةَ لَيْلَةً يَقْصُرُ الصَّلَاةَ قَالَ ابْنُ عَبَّاسٍ: مَنْ أَقَامَ سَبْعَ عَشْرَة لَيْلَةً يَقْصُرُ الصَّلَاةَ قَالَ ابْنُ عَبَّاسٍ: مَنْ أَقَامَ الْكَثر أَتم.

الراوي: أنس بن مَالِكٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر:

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2739 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود))

(1104): ق بلفظ: تسع عشرة، وهو الأرجح.

বাংলা

২৭৩৯. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মক্কায় আগমন করেন। সেখানে ১৭ রাত অবস্থান করেন এবং সালাত কসর করেন।"

আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, "যে ব্যক্তি ১৭ দিন অবস্থান করবে, সে কসর করবে আর যে ব্যক্তি এর চেয়ে বেশি দিন অবস্থান করবে, সে সালাত পূর্ণ আদায় করবে।"[1]

ফুটনোট

[1] আবূ দাউদ: ১২৩০; দারাকুতনী: ১/৩৮৭-৩৮৮; সহীহুল বুখারী: ১০৮০; তিরমিযী: ৫৪৯; ইবনু মাজাহ: ১০৭৫; বাগাবী: ১০২৮।



আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১০৪)

বুখারী ও মুসলিমে ১৯ দিনের কথা বর্ণিত হয়েছে। এটিই অগ্রগণ্য। (আত তা'লীকাতুল হিসান)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন